গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং- ৩৩.০১.৪৯১৮.০০০.১৬.০০১.২৩.৫৬৮

তারিখ ঃ ২৩ ভাদ্র ১৪৩০ / ০৭ সেপ্টেম্বর ২০২৩

## নোটিশ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১০ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. তারিখ বেলা ১১.০০ ঘটিকায় নিম্ন স্বাক্ষরকারীর অফিস কক্ষে মৎস্য ও প্রাণিসম্পদ কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ আব্দুল লতিফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম মহোদয়।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি ঃ**

১। বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
২। উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিভাগের সার্বিক বিষয় নিয়ে আলোচনা ।
৩। বিবিধ।

(মোঃ আরিফুর রহমান কনক)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
ও সদস্য সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

..................................................................
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪। ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫। নোটিশ বোর্ড।

# পরিশিষ্ট- "ক"

## মৎস্য ও প্রাণিসম্পদ কমিটির হাজিরা স্বাক্ষরঃ

স্থানঃ উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম। সভার তারিখ: ১০|০৯|২০২৫

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ আব্দুল লতিফ | ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সভাপতি | |
| ২ | মোঃ মনিরুজ্জামান মানিক | চেয়ারম্যান<br>কাশিপুর ইউনিয়ন পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৩ | মোছাঃ নিলুফা ইয়াছমিন | উপজেলা কৃষি অফিসার<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৪ | মোঃ রায়হান উদ্দিন সরদার | উপজেলা মৎস্য কর্মকর্তা<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৫ | মোঃ আরিফুর রহমান কনক | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য-সচিব | |

# উপজেলা পরিষদ

ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিষয় ঃ মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ আব্দুল লতিফ
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

তারিখ ঃ ১০ সেপ্টেম্বর ২০২৩ খ্রি
স্থান ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট- "ক" তে দেখানো হলো।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরনী পাঠ করে তা সর্বসম্মতিক্রমে গৃহীত হওয়ায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও সদস্য-সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ কমিটিকে আহবান জানানো হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্য বিষয়-১ ঃ উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক সার্বিক আলোচনা | | |
|---|---|---|
| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান যে, লাম্পি ডিজিজ রোগ এর কারণে অনেক পশু মারা গিয়েছে। কোন পশু লাম্পি রোগে আক্রান্ত হলে তা জবাই করা থেকে বিরত থাকতে অনুরোধ করেন এবং প্রতিটি ওয়ার্ডে ছাগল এর রোগ সম্পর্কে ক্যাম্পেইন করা হবে। ইউনিয়ন চেয়ারম্যান শিমুলবাড়ী বলেন যে, যত্রতত্র অসুস্থ গরু জবাই করা হচ্ছে। বিষয়টি উপজেলা প্রানীসম্পদ কর্মকর্তাকে মনিটরিং করার জন্য অনুরোধ জানান।<br><br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা আরো জানান যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের পুরাতন অফিস ভবন, কোয়াটার ও ভি এস কোয়াটার পরিত্যক্ত ও জরাজীর্ণ অবস্থায় পড়ে আছে। যে গুলোর অবস্থান উপজেলা পরিষদ চত্বরে এবং এখন সম্পূর্ন রুপে ব্যবহার অনুপযোগী। পুরাতন ভবন গুলো উপজেলা প্রকৌশলীর মাধ্যমে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যার প্রক্কলিত মূল্য পুরাতন অফিস ভবন ২৪,১৯১/- টাকা, পুরাতন কোয়াটার ৩৫,১৫৯/- টাকা, এবং ভি এস কোয়াটার ১৬,৫৮১/- টাকা। সর্বমোট মোট ৭৫,৯৩১/- (পচাত্তর হাজার নয়শত একত্রিশ) টাকা। সভায় উপজেলা প্রকৌশলী বলেন প্রাক্কলনটি সঠিক আছে। এবং এই ভবন গুলোর অপসারনের জন্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অনাপত্তি পত্র প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হলো। | বিভাগীয় কার্যক্রমসহ গবাদি পশু, হাঁস-মুরগীর রোগ প্রতিরোধ টিকা প্রদান এবং যথাসময়ে চিকিৎসা প্রদান, কৃত্রিম প্রজনন ও সংকরজাতের বাচ্চা উৎপাদন কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| আলোচ্য বিষয়-২ ঃ উপজেলা মৎস্য অফিস সংক্রান্ত সার্বিক আলোচনা | | |
| উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমসহ মৎস্য চাষ উন্নয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান)

সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(মোঃ আব্দুল লতিফ)
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও সভাপতি
মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং ৩৩.০১.৪৯১৮.০০০.১৬.০০১.২৩.৬৭৭

তারিখ ঃ ২৮ ভাদ্র ১৪৩০
১২ সেপ্টেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩। চেয়ারম্যান, ...................................... ইউপি, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪। জনাব ......................................................, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫। নোটিশ বোর্ড।
৬। অফিস কপি।

(মোঃ আরিফুর রহমান কনক)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
ও সদস্য সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।